



স্মারক নম্বর: ০৫.৮৮.০০০০.০০৬.০২.০০৪.১৭.১০

তারিখ: ০৮ আগস্ট ২০২২।

বিষয়: Oracle based Database Application Design (১৩তম ব্যাচ) শীর্ষক সাক্ষ্যকালীন কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রসঙ্গ।

মহোদয়

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি) এর বর্ষপঞ্জি ২০২২ - ২৩ অনুযায়ী Oracle based Database Application Design (১৩তম ব্যাচ) শীর্ষক সাক্ষ্যকালীন প্রশিক্ষণ কোর্সটি আগামী ১১ সেপ্টেম্বর হতে ৩০ অক্টোবর ২০২২ তারিখ পর্যন্ত ২০ (বিশ) কর্মদিবস মেয়াদে অনুষ্ঠিত হবে।

কোর্সটির গুরুত্ব ও প্রয়োজনীয়তাঃ

- ১) কোর্সটি সাক্ষ্যকালীন বিধায় কর্মকর্তাগণকে মনোনয়ন প্রদান করিলে দাপ্তরিক কাজের বিঘ্ন ঘটবে না।
- ২) কর্মকর্তাগণের ওরাকলের মাধ্যমে ডাটাবেজ তৈরি করতে পারা এবং ডাটাবেজ এপ্লিকেশন এপেক্স সম্পর্কে জ্ঞান, আইসিটি সক্ষমতা বাড়াবে।
- ৩) কর্মকর্তাগণের আইসিটি সক্ষমতা বৃদ্ধি পেলে ই-নথি ও ইজিপি সহ সরকারি কাজে ব্যবহৃত সফটওয়্যারের ডাটাবেজ সম্পর্কে জ্ঞান বৃদ্ধির পাশাপাশি সফটওয়্যার ব্যবহার সহজতর হবে।
- ৪) ব্যংক, রেজাল্ট প্রসেসিং সহ বড় সাইজের ডাটা ট্রানজেকশনের জন্য ব্যবহৃত ওরাকলের Cursor ও Trigger সম্পর্কে জানতে পারবেন।
- ৫) Apex এ স্বল্প কোড লিখে সফটওয়্যার তৈরি করতে পারবেন (প্রোগ্রামিং নলেজ না থাকলেও চলবে)।
- ৬) প্রশিক্ষণার্থীগণ ডাটা এন্ট্রি ফর্ম ও রিলেটেড রিপোর্ট তৈরি এবং কাস্টোমাইজড করতে পারবেন।

কোর্সের মৌলিক তথ্যাদি নিম্নে উপস্থাপন করা হলো:

- (১) প্রশিক্ষণার্থীর পর্যায় : বেসিক কম্পিউটার জ্ঞানসহ সরকারি, আধাসরকারি, স্বায়ত্ব শাসিত এবং বেসরকারি প্রতিষ্ঠান সমূহের ১০ম গ্রেড বা তদুর্ধ্ব কর্মকর্তাবৃন্দ।
- (২) কোর্সের সময়সূচী ও মেয়াদ : সপ্তাহে ০৩ (তিন) দিন। প্রতি রবি, মঙ্গল ও বুধবার।
সন্ধ্যা ০৬:০০ থেকে রাত ০৮:৩০ পর্যন্ত ২০ কর্মদিবস।
- (৩) কোর্স ফি : ভ্যাট ও আইটি ব্যতিত কোর্স ফি ২৩,০০০/- (তেইশ হাজার) টাকা মাত্র।
“মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি, ঢাকা” বরাবরে নগদ অথবা ক্রসড্ চেক এর মাধ্যমে প্রদান করতে হবে। কোর্সে অংশগ্রহণের শর্ত হিসেবে রেজিস্ট্রেশনের পূর্বে কোর্স ফি পরিশোধ একান্ত আবশ্যিক।
- (৪) কোর্সের উদ্দেশ্য :
 ০১. To acquaint with Oracle database and its data access techniques
 ০২. To build capacity on Oracle schema definition and CRUD operation
 ০৩. To build capacity on pl/sql program writing for Oracle Database
 ০৪. To build capacity on web application development using Oracle Application Express (APEX)
- (৫) পাঠ্যসূচি :
 ০১. Module 1 – Introduction and overview of Database and Oracle Data Access
 ০২. Module 2 – Introduction to SQL (DDL and DML)
 ০৩. Module 3 – PL/SQL
 ০৪. Module 4 – Application Development with Oracle APEX
- (৬) কোর্সের সুবিধাদি :
 - প্রত্যেক প্রশিক্ষণার্থীর জন্য কম্পিউটার (ল্যাব ভিত্তিক ক্লাসের জন্য)।
 - শীতাতপ নিয়ন্ত্রিত শ্রেণী কক্ষ।
 - মাল্টিমিডিয়া প্রেজেন্টেশন সিস্টেম।
 - নেটওয়ার্ক ভিত্তিক কম্পিউটার ল্যাব।
 - কোর্স ম্যাটেরিয়ালস প্রদান;
- (৭) প্রশিক্ষণার্থীর সংখ্যা : ২৫ জন।
- (৮) আবাসিক/অনাবাসিক : কোর্সটি অনাবাসিক এবং সাক্ষ্যকালীন।
- (৯) মনোনয়নের শেষ তারিখ : ০৮ সেপ্টেম্বর, ২০২২।

(১০) মনোনয়ন প্রেরণ : মহাপরিচালক, এনএপিডি অথবা নিম্ন স্বাক্ষরকারীর বরাবরে মনোনয়ন প্রেরণ করা যাবে। অগ্রিম অনলাইনে রেজিস্ট্রেশনের জন্য একাডেমির ওয়েবসাইট www.napd.gov.bd এ প্রশিক্ষণ মেন্যুর আসন্ন কোর্সসমূহ নামক সাবমেন্যুতে ফরম পূরণ করা যাবে। অনলাইন রেজিস্ট্রেশনের জন্য সংক্ষিপ্ত ইউআরএল:
https://training.napd.ac.bd/course_registration.php?cid=349

মনোনীত কর্মকর্তাকে আগামী ১১ সেপ্টেম্বর, ২০২২ তারিখ বিকাল ০৫.০০ টায় নিম্নস্বাক্ষরকারী অথবা কোর্স সমন্বয়ক জনাব মোঃ নূরুল আমিন, সহকারী প্রোগ্রামার, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি'র নিকট রিপোর্ট করতে হবে।

উক্ত প্রশিক্ষণ কোর্সে আপনার মন্ত্রণালয়/দপ্তর/অধিদপ্তর/সংস্থা থেকে এক বা একাধিক কর্মকর্তা মনোনয়ন প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। কোর্স সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদির জন্য নিম্নস্বাক্ষরকারী অথবা কোর্স সমন্বয়কারী ও সহকারী প্রোগ্রামার জনাব মোঃ নূরুল আমিন (ফোন: ৮৬১৪৭০৫-৬/২১৭, মোবাইল: ০১৮১৮-৩৫৭৭৮২, email: ap@napd.gov.bd) এর সাথে যোগাযোগ করা যেতে পারে। প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত হলে একাডেমির ওয়েবসাইট www.napd.gov.bd এ প্রশিক্ষণ মেন্যুর আসন্ন কোর্সসমূহ নামক সাবমেন্যুতে Oracle Based Database Application Design (Batch 13) এর উপর ক্লিক করে বা সরাসরি সংক্ষিপ্ত ইউআরএল:https://training.napd.ac.bd/course_registration.php?cid=349 যেকোন ব্রাউজারে টাইপ করে, ফরম পূরণ করে সাবমিট করা যাবে।

উল্লেখ্য যে মনোনীত কর্মকর্তাদের সাথে সরাসরি যোগাযোগের সুবিধার্থে মনোনয়নপত্রে কর্মকর্তাদের মনোনয়ন নিম্নোক্ত ছক অনুযায়ী প্রেরণ করার জন্য অনুরোধ করা হলঃ

ক্রমিক নং	কর্মকর্তার নাম ও পদবী	কর্মস্থলের ঠিকানা	ফোন নম্বর	মোবাইল নম্বর	ই-মেইল ঠিকানা
-----------	--------------------------	-------------------	-----------	--------------	---------------

মনোনয়ন সম্পর্কে এনএপিডি হতে আর কোন নিশ্চয়তাপত্র দেয়া হবে না। আপনার মনোনয়ন-ই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

M Hasan

০৫/০৮/২০২২

মোঃ মঈনুল হাসান চৌধুরী

উপপরিচালক (প্রশাসন) ও সিস্টেম এনালিস্ট (অ.দা.)

ফোন: ০২২২৩৩৬০৩৫৫

ইমেইল: moynulhasan2005@gmail.com

প্রাপক,

সচিব

মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।